

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জনপ্রশাসন মন্ত্রণালয়  
সরকারি যানবাহন অধিদপ্তর  
সচিবালয় লিংক রোড, ঢাকা।  
[www.dgt.gov.bd](http://www.dgt.gov.bd)

স্মারক নং-০৫.০৩.০০০০.০০৫.২৯.১৬৯.১৯- ২৩৫


তারিখঃ ০৬/০৮/২০২০ খ্রি.

বিষয়: সরকারি যানবাহন অধিদপ্তরের উত্তম চর্চার তালিকা প্রেরণ।

সূত্র: সরকারি যানবাহন অধিদপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২১।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে সরকারি যানবাহন অধিদপ্তরে ২০২০-২১ অর্থ বছরে গৃহীত উত্তম চর্চার কার্যক্রম মহোদয়ের সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্ত: বর্ণনামতে (১ ফর্দ)।



(মো: মিজানুর রহমান)

পরিবহন কমিশনার(অতিরিক্ত সচিব)

ফোন: ৯৫৬৩৪২১

e-mail: [poripool@gmail.com](mailto:poripool@gmail.com)

সচিব

জনপ্রশাসন মন্ত্রণালয়

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।


(দৃষ্টি আকর্ষণ: যুগ্মসচিব(শৃঙ্খলা-১) ও সদস্য-সচিব,

নৈতিকতা কমিটি।

সরকারি যানবাহন অধিদপ্তরে ২০২০-২১ অর্থবছরে গৃহীত উত্তমচর্চার  
কার্যক্রম নিম্নরূপঃ

- ১। ডিজিটাল হাজিরার মাধ্যমে কর্মকর্তা/কর্মচারীদের অফিসে উপস্থিতি/ত্যাগ নিশ্চিতকরণ।
- ২। মাসিক সেরা কর্মচারী নির্বাচন এবং সনদ ও ক্রেস্ট প্রদান।
- ৩। অফিসের পরিষ্কার-পরিচ্ছন্নতার জন্য নিয়মিত পরিচ্ছন্নতা কর্মীদের মনিটরিং এবং ফিডব্যাক সভা আয়োজন। দৈনিক তিনবার পরিষ্কার পরিচ্ছন্ন কার্যক্রম সম্পন্ন করে সংশ্লিষ্ট রেজিস্টারে স্বাক্ষরের ব্যবস্থা গ্রহণ।
- ৪। পরিবহন পূলে সংরক্ষিত রিজার্ভ/অব্যবহৃত গাড়ি সচল রাখা। দুর্ঘটনা মোকাবিলার জন্য প্রতি ২(দুই) মাস অন্তর অগ্নিনির্বাপন মহড়া পরিচালনা।
- ৫। শ্রেণিভেদ অনুযায়ী নথির শ্রেণিকরণ, সংরক্ষণ ও বিনষ্টকরণ।
- ৬। নিয়মিত শাখা পরিদর্শন এবং পরিদর্শন প্রতিবেদনের সুপারিশসমূহ বাস্তবায়ন।
- ৭। সেবা সহজীকরণের জন্য নিয়মিত/বিধি মোতাবেক অভিযোগ নিষ্পত্তিকরণ।
- ৮। সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে প্রতি তিনমাস অন্তর শুদ্ধাচার প্রশিক্ষণের আয়োজন।
- ৯। তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী তথ্য প্রদানকারী কর্মকর্তা কর্তৃক নিয়মিত তথ্য প্রদান।
- ১০। সেবা সহজীকরণের নিমিত্ত নিয়মিত সিটিজেন চার্টার হালনাগাদকরণের প্রশিক্ষণ প্রদান।
- ১১। কর্মকর্তা/কর্মচারীদের বাৎসরিক প্রশিক্ষণ কর্মসূচিতে অগ্নিনির্বাপন ব্যবস্থা সম্পর্কে তাত্ত্বিক ও ব্যবহারিক প্রশিক্ষণ অন্তর্ভুক্তিকরণ।
- ১২। সকল কর্মকর্তা/কর্মচারীকে ৫০ ঘণ্টা প্রশিক্ষণ কার্যক্রমে(২০২০-২১ অর্থ বছরে) অন্তর্ভুক্তিকরণ।
- ১৩। সরকারি যানবাহন অধিদপ্তরের অফিস/মিনি ওয়ার্কশপ/কেন্দ্রীয় ওয়ার্কশপ/গাড়ি পার্কিং এলাকা (area) সমূহ সি সি ক্যামেরার মাধ্যমে নিয়মিত মনিটরিং।
- ১৪। (২-১৬) গ্রেড পর্যন্ত সকল কর্মচারীর জন্য কম্পিউটার ব্যবহার বাধ্যতামূলককরণ।
- ১৫। রিকুইজিশন প্রদানের ৩ (তিন) কার্যদিবসের মধ্যে ইলেক্ট্রনিক সামগ্রী মেরামত/সরবরাহ।
- ১৬। পেনশন সেবা সহজীকরণ।
- ১৭। প্রাতিষ্ঠানিক গণশুনানীর আয়োজন।
- ১৮। মন্ত্রণালয়/জেলা/উপজেলা পর্যায়ে মহামারী/আপদকালীন মোবাইল এ্যাপ-এর মাধ্যমে টায়ার টিউব ও ব্যাটারির চাহিদা অনলাইনে নিরুপন/সরবরাহপূর্বক জরুরী সেবা প্রদান।
- ১৯। মহামারী সংক্রান্ত স্বাস্থ্য বিধি অনুসরণের বিষয়ে নিয়মিত পর্যালোচনা কার্যক্রম।
- ২০। দাপ্তরিক কর্মপরিবেশ উন্নয়ন ও সুশাসন নিশ্চিতকরণে কর্মচারীদের নিয়মিত উদ্বুদ্ধকরণ।

  
২৭/০৮/২০২০

  
আইমেদ ফারসল ইমাম  
যুগ্মসচিব  
পরিচালক (নৌ)  
সরকারি যানবাহন অধিদপ্তর  
জনপ্রশাসন মন্ত্রণালয়

নার্সিস পারভীন  
পরিচিতি নং-১৬০০৩  
উপসচিব  
সরকারি যানবাহন অধিদপ্তর  
জনপ্রশাসন মন্ত্রণালয়  
সচিবালয় লিংকরোড, ঢাকা-১০০০